তারিখ ... 09 FEB 2016 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ......

দৈনিক
ইত্তেফাক

# যশোরে শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদ কর্মসূচিতে হামলা

■ যশোর অফিস

যশোর সরকারি এমএম কলেজে শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদ কর্মসূচিতে ছাত্রলীগ হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। হামলায় তিন শিক্ষার্থী আহত হয়েছে। সোমবার সকালে কলেজ অধ্যক্ষের কার্যালয়ের সামনে শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের পরীক্ষা ক্লাস বর্জন ও অবস্থান কর্মসূচি চলাকালে এ হামলার ঘটনা ঘটে ।

সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী জাহিদ হোসেন জানান, রবিবার সকালে সমাজবিজ্ঞান বিভাগের সেমিনারে প্রথম বর্ষের ছাত্র আল নোমান একই বিভাগের ড. মোহাম্মদ ফিরোজুল ইসলামকে লাঞ্ছিত করেন। এ ঘটনায় শিক্ষক ও ছাত্রদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে। এর প্রতিবাদে সোমবার বিভাগের বিক্ষুব্ধ শিক্ষার্থীরা দ্বিতীয় বর্ষের টেস্ট পরীক্ষা বর্জন করেন। পরে শিক্ষার্থীরা অধ্যক্ষের কার্যালয়ের সামনে অবস্থান নেন। অধ্যক্ষের কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচির খবর পেয়ে কলেজের আসাদ হলের ছাত্রলীগের নেতাকর্মীরা সেখানে উপস্থিত হয়ে বিক্ষুব্ধ শিক্ষার্থীদের মারধর করে। এতে তিনজন আহত হয়। তবে মারপিটের ঘটনা অস্বীকার করে কলেজ ছাত্রলীগের সভাপতি রওশন ইকবাল শাহী বলেন, ড. ফিরোজুল ইসলামকে যে ছাত্র লাঞ্ছিত করেছিল, ঘটনার পরপরই তাকে ধরে এনে অধ্যক্ষের কার্যালয়ে নিয়ে শাস্তি দেয়া হয়। ঘটনার একদিন পর জামায়াত-বিএনপিপন্থি শিক্ষকরা শিক্ষার্থীদের ভুল বুঝিয়ে পরীক্ষা থেকে বিরত রাখেন। এছাড়া ছাত্ররা অধ্যক্ষের কার্যালয়ে জড়ো হয়ে বিশৃংখলা করার চেষ্টা করছিলেন। তখন সাধারণ শিক্ষার্থীরা তাদের সেখান থেকে সরিয়ে দেন।